# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 11-07-2026 Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের সূর্যপুরে যাবেন। সেখানে স্থায়ী পুলিশ আউটপোস্টের উদ্বোধনের পাশাপাশি মৃত নাবালিকার বাড়ি ও গণ প্রহারে মৃত যুবকের বাড়িতেও যাবেন তিনি।

২) রাজ্যে যারা আয়ুষ্মান ভারতের সুবিধে পাবেন না, তাদের জন্য মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় ৫ লক্ষ টাকা পর্যন্ত বীমার সুবিধে মিলবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

রাজ্য সরকারের গুন্ডা দমন আইন সোমবার থেকে চালু হবে বলেও মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন তিনি।

৩) মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্যের অভিযোগে পুলিশের দুই ডেপুটি কমিশনারকে সাসপেন্ড করা হয়েছে।

৪) তিন কোটি টাকার দুর্নীতিতে জড়িত থাকার অভিযোগে, কলকাতা পুলিশের প্রাক্তন ডিসি শান্তনু সিনহা বিশ্বাসের বিরুদ্ধে চার্জশিট দিয়েছে ইডি।

৫) শতবর্ষের পুরনো ঐতিহ্যবাহী রথযাত্রা কমিটিগুলিকে রাজ্য সরকার পাঁচ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা দেবে।

৬) মেট্রো রেলের কাজের জন্য চিংড়িঘাটা উড়ালপুল গতরাত থেকে সোমবার পর্যন্ত বন্ধ।

আগামীকাল সকাল ৬-টা থেকে বিদ্যাসাগর সেতুতেও ১৬ ঘণ্টা যান চলাচল বন্ধ থাকবে।

৭) সক্রিয় মৌসুমী অক্ষরেখা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় দফায় দফায় বিক্ষিপ্ত বৃষ্টি চলেছে। মঙ্গলবার পর্যন্ত সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর ।

oooooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের সূর্যপুরে যাবেন। আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও প্রশাসনিক কাজে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য সেখানে সরকারী উদ্যোগে তৈরি হওয়া স্থায়ী পুলিশ আউটপোস্টের উদ্বোধন করবেন তিনি।

এ ছাড়াও বারুইপুরে মৃত নাবালিকার বাড়ি এবং গণ প্রহারে মৃত ইন্দ্রজিৎ মন্ডলের বাড়িতেও যাবেন মুখ্যমন্ত্রী।

এদিকে,আইজি প্রেসিডেন্সি রেঞ্জ কঙ্কর প্রসাদ বারুই গতকাল গণ প্রহারে মৃত ইন্দ্রজিৎ মন্ডলের বাড়িতে যান । নিহতের পরিবারের সঙ্গে কথা বলেন তিনি।

অন্যদিকে, ইন্দ্রজিতের বাড়ির নিরাপত্তা বাড়াতে সেখানে পুলিশ মোতায়েন করা হয়েছে। বসানো হয়েছে সিসি টিভি। সরকারের পক্ষ থেকে বাড়িটি মেরামতও করা হচ্ছে।

এছাড়াও প্রশাসনের তরফে ইন্দ্রজিতের পরিবারকে খাদ্য সামগ্রী ও ত্রাণ সাহায্য দেওয়া হয়েছে। প্রশাসন এইভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ায় ইন্দ্রজিতের বৃদ্ধ বাবা-মা সন্তোষ প্রকাশ করেছেন। তবে, দোষীরা যাতে উপযুক্ত শাস্তি পায়, সেই দাবিও করেছেন তারা।

অন্যদিকে, সিআইডি-র ফরেন্সিক দল গতকাল বারুইপুর থানায় যান। ঘটনাস্থলে পরিদর্শনের পাশাপাশি বিভিন্ন তথ্যও সংগ্রহ করেন তারা।

oooooooooooooooooooooooooo

কলকাতায় ৫ বছরের এক শিশুকন্যাকে যৌন নির্যাতনের অভিযোগ উঠেছে তার মামার বিরুদ্ধে। ।প্রাথমিক তদন্তের পর অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। টালা থানায় দায়ের হয়েছে এফআইআর। জরুরি অবস্থায় শিশুটিকে নিয়ে যাওয়া হয়েছে আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে।

উল্লেখ্য,বৃহস্পতিবার শিশুটি অসুস্থ হয়ে পড়ে। তারপরই বিষয় টি প্রকাশ্যে আসে । তার দেহে যৌন নির্যাতনের স্পষ্ট চিহ্ন ছিল বলে জানা গেছে।
ঘটনায় আর কেউ যুক্ত ছিল কি না, তা ও খতিয়ে দেখা হচ্ছে।

ooooooooooooooooooooooooooo

রাজ্যে যারা আয়ুষ্মান ভারতের সুবিধা পাবেন না, তাদের জন্য মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় ৫ লক্ষ টাকা পর্যন্ত বীমার সুবিধে মিলবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল মূর্শিদাবাদের রেজিনগরে এক দলীয় সভায় একথা ঘোষণা করেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এর আগে মুখ্যমন্ত্রী তৃণমূল কংগ্রেস সহ অন্যান্য দল থেকে বিজেপি-তে যোগদানে ইচ্ছুকদের বাছাই করা ও মুর্শিদাবাদ জেলার বিভিন্ন দফতর ও পুরসভার দুর্নীতি খতিয়ে দেখতে দলীয় স্তরে একটি কোর কমিটি গঠনের কথাও ঘোষণা করেন। মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পর মুর্শিদাবাদে তাঁর প্রথম সফরে শ্রী অধিকারী যোগ দেন এক গুচ্ছ কর্মসূচীতে।

রাজ্য সরকারের গুন্ডা দমন আইন সোমবার থেকেই চালু হবে বলেও মুখ্যমন্ত্রী মুর্সিদাবাদে ঘোষণা করেন। বিধানসভায় ইতিমধ্যে এই বিল পাস হয়েছে। রাজ্যপাল আর এন রবির সম্মতি মেলায় এটি সরকারীভাবে আইন হিসেবে বলবৎ হতে চলেছে। নতুন এই আইনের আওতায় রাজ্যে কোনরকম বিশৃঙ্খলা, উস্কানি ও দাঙ্গা ছড়ানোর চেষ্টা হলে তা প্রতিরোধ করতে পুলিশ প্রিভেন্টি অ্যারেস্ট বা অপরাধ ঘটার আগেই সন্দেহভাজনদের গ্রেফতার করতে পারবে। প্রয়োজনে আদালতে পেশ না করে ১ বছর পর্যন্ত তাদের আটক রাখা যাবে।

মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, মানব পাচার রোধ, নারী সুরক্ষা ও আইনশৃঙ্খলা রক্ষায় সরকার কঠোর ব্যবস্থা নিচ্ছে। ট্রেনে অগ্নি সংযোগ, বাস ভাঙচুর ও পোড়ানো, পুলিশকে মারধর – এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি হলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে বলেও আশ্বাস দেন তিনি।

ooooooooooooooooooooooooooo

কলকাতা পুলিশের দুই ডেপুটি কমিশনারকে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্যের অভিযোগে সাসপেন্ড করা হয়েছে। এঁরা হলেন ডিসি নর্থ ৩ বিধান সাহা ও ডিসি পোর্ট ২ পার্থ প্রতিম দাস।
সমাজ মাধ্যমে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুরুচিকির মন্তব্যের জেরে এই শাস্তিমূলক ব্যবস্থা বলে লালবাজার সূত্রে জানা গেছে। ।

উল্লেখ্য, রাজ্য সরকার ও মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বিরোধিতা করে একটি 'বিতর্কিত' ভিডিও পোস্ট করেছিলেন কলকাতা পুলিশের ডিসি পোর্ট পার্থপ্রতিম দাস।একই অভিযোগ ওঠে কলকাতা পুলিশের ডি সি নর্থ বিধান সাহার বিরুদ্ধেও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

৩ কোটি টাকার দুর্নীতিতে জড়িত থাকার অভিযোগে কলকাতা পুলিশের প্রাক্তন ডিসি শান্তনু সিনহা বিশ্বাসের বিরুদ্ধে চার্জশিট দিয়েছে ইডি।
বিচার ভবনে দায়ের হওয়া ১১৪ পৃষ্ঠার মূল চার্জশিটে রয়েছে ২৬ জন সাক্ষীর বয়ান। চার্জশিটে এ ও উল্লেখ করা হয়েছে যে এখনও পর্যন্ত বেআইনিভাবে তিন কোটি টাকা আত্মসাতের হিসেব পাওয়া গিয়েছে শান্তনুর বিরুদ্ধে ।
তবে আরও কিছু টাকা লুকনো রয়েছে বলে তদন্তকারীদের দাবি। বাকি টাকার সন্ধান চলছে।

উল্লেখ্য, শান্তনুকে গ্রেফতারের মাস খানেকের মধ্যে ইডি আদালতে চার্জশিট পেশ করল। এই মামলায় এটাই প্রথম সাপ্লিমেন্টরি চার্জশিট।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এক হোটেল ব্যাবসায়ীর সম্পত্তি জোর করে দখলের অভিযোগ উঠেছে কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষের বিরুদ্ধে। তবে আপাতত সোমবার পর্যন্ত তার বিরুদ্ধে কোন কড়া পদক্ষেপ করা হবে না বলে কলকাতা হাইকোর্টে আশ্বাস দিয়েছেন রাজ্যের আইনজীবী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

VIP রোডের দুধারে বেয়াইনি জবরদখল নিয়ে হাইকোর্টকে দায়সারা রিপোর্ট দেওয়ায় উত্তর ২৪ পরগণার জেলা শাসককে আদালতে সশরীরে হাজির হয়ে রিপোর্ট দিতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি পার্থ সারথি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ গতকাল এই নির্দেশ দেন।

উল্টোডাঙা পর্যন্ত ভিয়াইপি রোডের দুধারে বেয়াইনি নির্মান ও জবরদখলের বিরুদ্ধে প্রশাসনিক পদক্ষেপ চেয়ে অর্ধেন্দু নাগ নামে এক ব্যাক্তি এই জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন। মামলায় এর আগে একাধিক বার রিপোর্ট তলব করেছিল প্রধান বিচারপতির বেঞ্চ। গতকাল ফের মামলার শুনানিতে দেখা যায় গ্রুপ-ডি কর্মীকে দিয়ে রিপোর্ট পাঠানো হয়েছে আদালতে। তাতেই ক্ষুব্ধ ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী বলেন, তাদের মতে উত্তর ২৪ পরগণার জেলা শাসক ইচ্ছে করেই নির্দেশ অমান্য করছেন। তাই সশরীরে আসতে হবে হলফনামা ও রিপোর্ট নিয়ে"। ২৩ জুলাই সকাল সাড়ে দশটায় তাঁকে আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, মামলাকারী অর্ধেন্দু নাগের বক্তব্য, রাস্তার ধারে জবরদখল করে পার্কিং প্লেস ও বিয়েবাড়ি নির্মান করা হয়েছে। এই অভিযোগ নিয়ে তিনি মামলা করেন ২০২২ সালে ।

মানস

oooooooooooooooooooooooooo

৩টি অ্যাকাউন্ট ছাড়াও অন্যান্য ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করার বিরুদ্ধে ফের হাইকোর্টের দ্বারস্থ হয়েছে কালীঘাট তৃণমূল।

তৃণমূল কংগ্রেসের তিনটি অ্যাকাউন্টে লেনদেন চালু হলেও ইডি অন্য সমস্ত ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করেছে। এই সিদ্ধান্তের বিরুদ্ধেই মামলা দায়ের করেছে তৃণমূল।

বিচারপতি কৃষ্ণা রাও জানিয়েছেন, আগামী সোমবার মামলার শুনানি গ্রহণ করা হবে। এদিকে, তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকাউন্ট বন্ধ করতে কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে ইডি।

বিষয়টি নিয়ে বিচারপতি সৌগত ভট্টাচার্যের দৃষ্টি আকর্ষণ করেন আইনজীবী। বিচারপতি ভট্টাচার্য অবশ্য জানিয়েছেন, এনিয়ে নতুন করে আরও কোন শুনানি হবে না।

oooooooooooooooooooooooooo

বিধাননগর সাইবার থানার মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়কে আগামী ১৫-ই জুলাই বিধাননগর এসিজেএম আদালতে কণ্ঠস্বরের নমুনা প্রদান করতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌগত ভট্টাচার্য তাঁর নির্দেশে বলেছেন, পুলিশকে দেখতে হবে ওই দিন যাতে অভিষেকের গায়ে ডিম ছোঁড়া না হয়।

oooooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের বিদ্রোহী শাখার তরফে দলের রাজ্য কমিটি সহ বিভিন্ন শাখা সংগঠনের নেতৃত্বের নাম ঘোষণা করা হয়েছে। দলের বৈঠক শেষে গতকাল রাজ্য কমিটির সদস্যদের নাম ঘোষণা করেন বিধানসভার বিরোধী দলনেতা ঋতব্রত ব্যানার্জি সহ অন্য নেতারা।

রাজ্য সভাপতি করা হয়েছে বিপ্লব মিত্রকে। কার্যকরী রাজ্য সভাপতি হচ্ছেন জাভেদ খান। এছাড়াও মহিলা, ছাত্র, যুব, শ্রমিক সহ বিভিন্ন সংগঠনের সভাপতিদের নাম ঘোষণা করা হয়। জাতীয় কর্মসমিতিতে জায়গা পেয়েছেন প্রাক্তন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যও ।

oooooooooooooooooooooooooo

শত বর্ষের পুরোনো ঐতিহ্যবাহী রথযাত্রা কমিটি গুলিকে ৫ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা দিতে চলেছে রাজ্য সরকার। প্রশাসন সূত্রে খবর সোমবার নবান্ন সভাঘরে তথ্য ও সংস্কৃতি দপ্তর আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই কমিটি গুলির প্রতিনিধিদের হাতে এই অনুদান তুলে দেবেন ।

প্রাথমিকভাবে ২৫ টি  রথযাত্রা কমিটি কে চিহ্নিত করা হয়েছে।  এর মধ্যে রয়েছে ইসকন, মাহেশ ,মহিষাদল, নবদ্বীপ জগন্নাথ মন্দির ,বাগবাজার জগন্নাথ মহাপ্রভু মন্দির পরিচালন সমিতির মতো প্রাচীন রথ যাত্রা কমিটি।

এছাড়া উৎসব যাতে নির্বিঘ্নে সম্পন্ন এবং ভক্তদের প্রয়োজনীয় পরিষেবা দেওয়া যায়, সে  জন্য বিশেষ ব্যাবস্থা নেওয়া হচ্ছে । যে পথ দিয়ে রথ যাবে তার দু ধারে নির্দিষ্ট স্থান  অন্তর সেবা শিবির তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। এই সেবা শিবির পরিচালনার  জন্য ১ লক্ষ টাকা করে বরাদ্দ করা হয়েছে। এই শিবিরগুলিতে ন্যূনতম কিছু  পরিষেবা রাখতে হবে, তার মধ্যে আছে বিশুদ্ধ পানীয় জল, ওআরএস প্যাকেট, প্রাথমিক চিকিৎসা ও জরুরি স্বাস্থ্য পরিষেবা, তথ্য ও সহায়তা কেন্দ্র, প্রবীণ, মহিলা, শিশু ও বিশেষভাবে সক্ষম ভক্তদের জন্য সহায়তা।

পাশাপাশি  রথযাত্রা উৎসব উপলক্ষে সব জেলা শাসককে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়ারও  নির্দেশ দিয়েছে তথ্য ও সংস্কৃতি দপ্তর।

উৎসবের আগে পুলিশ,জেলা প্রশাসনকে দমকল, স্বাস্থ্য ও পূর্ত দফতর, পুরসভা ও পঞ্চায়েত, পরিবহণ দফতর, রথযাত্রা কমিটি, জনপ্রতিনিধি এবং  সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সঙ্গে সমন্বয় বৈঠক করার নির্দেশ দেওয়া হয়েছে। ভিড় নিয়ন্ত্রণ, যান চলাচল, নিরাপত্তা ও জরুরি পরিষেবা নিশ্চিত করার লক্ষ্যেই  এই উদ্যোগ।

উল্লেখ্য, আগামী ১৬ ই জুলাই রথযাত্রা উৎসব।

oooooooooooooooooooooooooo

মেট্রো রেলের  কাজের জন্য চিংড়িহাটা উড়ালপুল  গতকাল রাত ৮টা থেকে বন্ধ রাখা হয়েছে। সোমবার, ১৩ই জুলাই  সকাল ৮টা পর্যন্ত  তা বন্ধ থাকবে বলে পুলিশের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।এই সময় এই অংশ দিয়ে কোনোরকম  যান চলাচল করবে না।

উত্তর মুখী গাড়ি গুলি এই সময়কালে বেলেঘাটা মেইন রোড ও ই এম বাইপাস ক্রসিং হয়ে চলাচল করবে বলে কলকাতা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে।

উল্লেখ্য, এর আগে জুলাইয়ের প্রথম সপ্তাহেই উড়ালপুলে যান চলাচল নিয়ন্ত্রণ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু পরে তা স্থগিত রাখা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, সংস্কার ও রক্ষণাবেক্ষণে কাজের জন্য আগামীকাল সকাল ছটা থেকে রাত দশটা পর্যন্ত ১৬ ঘণ্টা বিদ্যাসাগর সেতুতে যান চলাচল বন্ধ থাকবে। কলকাতা পুলিশের তরফে গতকাল এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের ব্যান্ডেল ষ্টেশন সীমান্তে ট্র্যাকের রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ (11.07.26) রাত সাড়ে ১১ টা থেকে মোট ৩৬০ মিনিট ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে আজ হাওড়া থেকে ১ টি হাওড়া - ব্যান্ডেল লোকাল বাতিল থাকবে। এছাড়াও আগামীকাল ব্যান্ডেল থেকে চারটি এবং হাওড়া থেকে তিনটি লোকাল বাতিল করা হয়েছে।

এছাড়া, আগামীকাল ( 12.07.26) 63501 হাওড়া - বর্ধমান MEMU, কর্ড লাইনে চলবে বলেও রেলের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সক্রিয় মৌসুমী অক্ষরেখা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় দফায় দফায় বিক্ষিপ্ত বৃষ্টি চলেছে। আগামী মঙ্গলবার পর্যন্ত সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর । কোন কোন এলাকায় ভারী বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দফতরের আঞ্চলিক অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস।

(বাইট – হাবিবুর রহমান বিশ্বাস)

উত্তরবঙ্গেও আজ কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। দার্জিলিং, কালিম্পং ও দুই

দিনাজপুরে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভানা। দার্জিলিং ও কালিম্পং-এর পাহাড়ী এলাকায় ভূমি ধসের সতর্কতাও দেওয়া হয়েছে।

আলিপুরে আজ সকাল সাড়ে ৬-টা পর্যন্ত ২১ দশমিক চার মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। বৃষ্টিতে তাপমাত্রাও কিছুটা কমেছে। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনা যা চার দশিক ২ ডিগ্রী কম। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ ডিগ্রী, স্বাভাবিকের তুলনায় যা সামান্ন কম।

oooooooooooooooooooooooooo

রাজ্যের জনগণনার দায়িত্বে থাকা রশ্মি কমলকে অব্যাহত দিল কেন্দ্রীয় সরকার। রেজিস্ট্রার জেনারেল অফ ইন্ডিয়ার জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী, তার পরিবর্তে এই পদে দায়িত্ব দেওয়া হয়েছে ওড়িশার ডিসিও নিখিল পবন কল্যাণকে। তিনি ওড়িশার জনগণনার পাশাপাশি বাংলার জনগণনার অতিরিক্ত দায়িত্বও সামলাবেন।

oooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo